আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

JFK-তে সর্বোচ্চ মাত্রায় গ্রীষ্মকালীন নির্মাণের কার্যকলাপের সময় সরকারি পরিবহনের ব্যবহারকে উৎসাহিত করতে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ এয়ারট্রেনের জন্য 50 শতাংশ ভাড়া কমানোর কথা ঘোষণা করলেন

নতুন বিমানবন্দরের নির্মাণকাজ পুরোদমে চলছে বলে, JFK-তে গ্রীষ্মকালীন ভ্রমণের ক্ষেত্রে যাত্রীর সংখ্যা 18 মিলিয়ন ছাড়িয়ে যাবে বলে অনুমান করা হচ্ছে, যা একটি নতুন রেকর্ড এবং গত বছরের তুলনায় 700,000 বেশি

জুলাই 1 থেকে শুরু করে, শ্রম দিবস পর্যন্ত, এয়ারট্রেন JFK-র একপিঠের ভাড়া কমিয়ে 4.25 মার্কিন ডলার করা হবে যেহেতু গভর্নর, নিউ ইয়র্ক সিটি, হাডসন ভ্যালি বা লং আইল্যান্ড থেকে সাবওয়ে বা LIRR এর মাধ্যমে বিমানবন্দরে অ্যাক্সেস করা উৎসাহিত করছেন

JFK-তে আসার আগে বন্দর কর্তৃপক্ষ ভ্রমণকারীদের সাম্প্রতিক নির্মাণকাজের আপডেট এবং ভ্রমণের পরামর্শগুলির জন্য Construction.JFKAirport.com দেখে নেওয়ার আন্তরিক অনুরোধ জানায়

জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর (John F. Kennedy International Airport) অ্যাক্সেস করার সময় সরকারি পরিবহন ব্যবহার করাকে উৎসাহিত করতে গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York & New Jersey) আজ, জুলাই 1 থেকে শুরু করে, শ্রম দিবস পর্যন্ত, এয়ারট্রেন JFK (AirTrain JFK)-র একপিঠের ভাড়া 50 শতাংশ কমানোর কথা ঘোষণা করছেন। এই গ্রীষ্মে, একটি সম্পূর্ণ সড়কপথ নেটওয়ার্কের নির্মান কার্যকলাপ সর্বোচ্চ শিখরে পৌঁছানো সহ, বিমানবন্দরের 19 বিলিয়ন মার্কিন ডলারের রূপান্তরমূলক প্রকল্পের সময় একটি রেকর্ড সংখ্যক যাত্রী আকাশপথে ভ্রমণ করবেন।

"JFK-তে রূপান্তরমূলক নির্মাণকাজ চলতে থাকা সহ, আমরা ভ্রমণের বিলম্ব দূরীভূত করার জন্য পদক্ষেপ গ্রহণ করছি এবং সবসময় যেটা সত্যি সেটাকেই সুনিশ্চিত করছি - প্লেনে গ্রমণ করার চেয়ে ট্রেনে ভ্রমণ করার মতো ভালো বিকল্প আর নেই," **বলেছেন গভর্নর হোকল।** "যেহেতু আমরা একটি ব্যস্ত গ্রীষ্মকাল শুরু করতে চলেছি, নিউ ইয়র্কবাসী এবং সারা বিশ্বের থেকে আসা ভ্রমণার্থীদের জন্য তাদের প্রাপ্য সর্বোৎকৃষ্ট-মানের ভ্রমণের অভিজ্ঞতা অফার করে, আমরা ভ্রমণার্থীদের জন্য AirTrain ব্যবহার করাকে আরো সাশ্রয়ী করে তুলছি।"

4.25 ডলার AirTrain JFK এর ভাড়া, বিমানবন্দরের নিকটবর্তী দুটি স্টেশন জামাইকা এবং হাওয়ার্ড বিচ স্টেশন উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য যার জন্য OMNY বা MetroCard পেমেন্ট আবশ্যক। জামাইকা, লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road) এর মাধ্যমে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন (Grand Central Madison), পেন স্টেশন (Penn Station), বা আটলান্টিক টার্মিনাল (Atlantic Terminal) থেকে মাত্র 20 মিনিট এবং লং আইল্যান্ড থেকে সহজে অ্যাক্সেসযোগ্য। A/E/J/Z লাইনের মাধ্যমে সুটফিন বোলেভার্ড-আর্চার এভি-জেএফকে বিমানবন্দর (Sutphin Blvd-Archer Av-JFK Airport) এবং হাওয়ার্ড বিচ সাবওয়ে স্টেশনে সহজ সাবওয়ে যোগাযোগও উপলভ্য।

যে সমস্ত ভ্রমণার্থীদের বিমানবন্দরে আসার জন্য একটি গাড়ি নিতেই হয়, তাদের জন্য বন্দর কর্তৃপক্ষ অন-এয়ারপোর্ট এয়ারট্রেন জেএফকে লেফার্টস বোলেভার্ড (AirTrain JFK Lefferts Blvd) স্টেশনে একটি ড্রপ-অফ / পিক-আপ খুলেছে, যেটি যাত্রীদের টার্মিনালের সামনের দিকের প্রচন্ড ভীড় এড়াতে সহায়তা করতে বিমানবন্দরের টার্মিনালগুলিতে একটি বিনামূল্যের 8-মিনিটের AirTrain সফর। বিমানবন্দরে পার্কিং খুবই সীমিত রাখা হবে এবং পার্ক করার পরিকল্পনা থাকা যাত্রীদের একটি জায়গা নিশ্চিত করতে JFKAirport.com-এ আগে থেকে বুক করতে হবে।

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কেভিন ও'টুলে বলেন, "JFK-র আমূল রূপান্তরের মধ্যে, সর্বোচ্চ মাত্রায় নির্মাণকাজ চলাকালীন যাত্রীদের যাতে ভরসাযোগ্য অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার রয়ে গেছে। রেকর্ড তৈরি করা ভ্রমণের পরিমাণের সময় ভীড় এড়াতে, এই গ্রীষ্মে AirTrain JFK-র ভাড়া অর্ধেক করে আমরা সরকারি পরিবহনকে চাঙ্গা করছি। AirTrain JFK আগামী মাসগুলিতে আপনার যাত্রাকে নির্বিঘ্ন করবে এবং বন্দর কর্তৃপক্ষ সমগ্র অঞ্চল জুড়ে গ্রাহকদের জন্য এটিকে আরো সাশ্রয়ী করে তুলছে।"

বন্দর কর্তৃপক্ষের পরিচালক রিক কটন বলেন, "গত কুড়ি থেকে ত্রিশ বছরের মধ্যে JFK-র ঐতিহাসিক 19 বিলিয়ন মার্কিন ডলারের রূপান্তর দিনের পর দিন প্রেরণা লাভ করছে। রেকর্ড সংখ্যক যাত্রী পরিচালনা করার পাশাপাশি আমরা সমর্বোচ্চ মাত্রার নির্মাণকাজে প্রবেশ করছি, তাই এই গ্রীষ্মে বিমানবন্দরে যানজট খুব বেশি হবে। বিমানবন্দরে আসার বা বিমানবন্দর থেকে যাওয়ার সময়, ভ্রমণকারীরা নির্ভরযোগ্যভাবে উপলব্ধ প্রচুর ট্রেন এবং সাবওয়ে বিকল্পগুলি ব্যবহার করুন, এর থেকে ভালো আর কোনো পরামর্শ আমরা দিতে পারব না। সেই লক্ষ্যে, আমরা এই গ্রীষ্মে AirTrain JFK এর ভাড়া 50 শতাংশ কমিয়ে সরকারি পরিবহনের গুরুত্বের ওপর জোর দিচ্ছি। একটি নতুন, বিশ্ব-মানের JFK শীঘ্রই উপলভ্য হবে। আমরা ধৈর্য্য ধরার অনুরোধ করি এবং নির্মাকাজের সময়কালে সৃষ্ট অসুবিধার জন্য আগে থেকেই ক্ষমা চেয়ে নিচ্ছি।"

শিল্প বিশ্লেষক এবং বন্দর কর্তৃপক্ষ উভয়ই এই গ্রীষ্মে রেকর্ড-সৃষ্টিকারী বিমান যাত্রীর সংখ্যার পূর্বাভাস দিয়েছে যার ফলে গত গ্রীষ্মের তুলনায় JFK 700,000-এরও বেশি যাত্রী পরিচালনা করবে। এখন থেকে শ্রম দিবস পর্যন্ত, বিমানবন্দরটি, পোর্ট অথরিটি বিমানবন্দরে আজ অবধি গৃহীত একক বৃহত্তম নির্মাণ কর্মসূচি JFK-এর 19 বিলিয়ন মার্কিন ডলার পুনঃনির্মাণের জন্য

সর্বোচ্চ মাত্রার নির্মাণকাজ এবং সেইসাথে বিমান ভ্রমণকারীদের রেকর্ড পরিমাণ, এই দুই প্রবল চ্যালেঞ্জের সম্মুখীন হবে।

বিমানবন্দরের নতুন টার্মিনাল ওয়ান, একটি নতুন টার্মিনাল 6, একটি নতুন গ্রাউন্ড ট্রান্সপোর্টেশন সেন্টার এবং বন্দর কর্তৃপক্ষের JFK রোডওয়ে নেটওয়ার্ক পুনর্নির্মাণের কাজ পুরোদমে চলছে। নতুন সড়কপথটি ছয় মাইল নতুন রাস্তা, 30 শতাংশ কম ড্রাইভার ডিসিশন পয়েন্ট এবং অনেক কম সিগন্যাল যুক্ত ইন্টারসেকশন সহ টার্মিনাল থেকে ভ্রমণকারীদের আনা নেওয়ার জন্য ডিজাইন করা হবে। 1.24 বিলিয়ন ডলারের সড়কপথ এবং স্থলপথের যানবাহন কেন্দ্রের নির্মাণ কাজ এই বসন্তে শুরু হয়েছে।

বন্দর কর্তৃপক্ষ, রেকর্ড পরিমাণ এবং নির্মাণকাজ-সম্পর্কিত প্রভাবগুলি সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং অর্থপ্রদত্ত অনুসন্ধান, সামাজিক, ডিজিটাল, রেডিও এবং আরও অনেক কিছু ব্যবহার করে ভ্রমণকারীদের জন্য কার্যকর সুপারিশ প্রদানের জন্য একটি ব্যাপক অর্থপ্রদত্ত মিডিয়া প্রচারাভিযান চালু করেছে।

বিশ্বমানের গ্লোবাল গেটওয়েতে JFK এর রূপান্তর

জানুয়ারি 2017-তে, JFK ভিশন প্ল্যান, JFK-কে বিশ্বমানের বিমানবন্দর, নিউ ইয়র্কবাসীরা যা পাওয়ার যোগ্য, তাতে রূপান্তরিত করার কথা ঘোষণা করেছিল। ভিশন প্ল্যানটি বিদ্যমান সুযোগ সুবিধা এবং পরিকাঠামো সম্পূর্ণরূপে পুনর্গঠন, পরিমার্জন এবং সম্প্রসারিত করতে বন্দর কর্তৃপক্ষ এবং তার অংশীদারদের জন্য একটি কৌশলগত ফ্রেমওয়ার্ক প্রদান করে। 9.5 বিলিয়ন মার্কিন ডলারের একটি অত্যাধুনিক নতুন টার্মিনাল ওয়ান যা বিমানবন্দরের দক্ষিণ দিকের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ তা 2022 সালের সেপ্টেম্বরে মাসে শুরু হয়েছে। একটি নতুন 4.2 বিলিয়ন মার্কিন ডলারের টার্মিনাল 6, যা বিমানবন্দরের উত্তর দিকে একটি সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ টার্মিনাল তৈরি করতে টার্মিনাল 5 এর সাথে নির্বিঘ্নে সংযোগ স্থাপন করবে, তা 2023 সালের ফেব্রুয়ারিতে শুরু হয়েছিল। ডেল্টা এয়ার লাইনস (Delta Air Lines) এবং JFK আন্তর্জাতিক এয়ার টার্মিনাল (JFK International Air Terminal, JFKIAT) এর নেতৃত্বে 1.5 বিলিয়ন মার্কিন ডলার টার্মিনাল 4 এর সম্প্রসারণ, এর কাজ প্রায় শেষ হয়ে এসেছে। অধিকন্তু, টার্মিনালটি পরিচালনাকারী আমেরিকান এয়ারলাইন্সের (American Airlines) নেতৃত্বে 400 মিলিয়ন মার্কিন ডলার টার্মিনাল 8 এর সম্প্রসারণ 2022 সালের নভেম্বরে সম্পন্ন হয়েছিল।

বন্দর কর্তৃপক্ষের সড়কপথ, পার্কিং এবং পরিকাঠামো প্রকল্পের সাথে সম্মিলিত সমস্ত বেসরকারিভাবে অর্থায়নের টার্মিনাল প্রকল্পগুলো JFK-এর 19 বিলিয়ন মার্কিন ডলারের রূপান্তর এবং সরকারি বেসরকারি অংশীদারীত্বের একটি অসাধারণ সিরিজের প্রতিনিধিত্ব করে। বন্দর কর্তৃপক্ষের 3.9 বিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল বিনিয়োগটি JFK-এর সম্পূর্ণ নবায়নের চারটি প্রকল্পে প্রতিশ্রুতিবদ্ধ 15 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সম্পূর্ণ বেসরকারী বিনিয়োগকে বিবেচনার সময়ে প্রায় চার থেকে এক হারে বেসরকারী বিনিয়োগকে সহজ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন